



ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৯০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫

E-mail : cdhakacommercecollege@yahoo.com Website: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক-

তারিখ: ০৯/০২/২০১৯

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯

কলেজের সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯ মার্চ মাসের প্রথম সপ্তাহে অনুষ্ঠিত হবে। নিম্নে উল্লেখিত প্রতিযোগিতার বিষয়সমূহে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের আগামী ১৪ ফেব্রুয়ারি-২০১৯ তারিখের মধ্যে নিচ তলায় রক্ষিত ছাত্র ও ছাত্রীদের জন্য নির্ধারিত বাক্সে প্রতিযোগিতার বিষয়সমূহের নাম, শিক্ষার্থীর নাম, রোল, শ্রেণি, সেকশন/বিভাগ উল্লেখ করে জমা দেয়ার জন্য বলা হচ্ছে। শিক্ষার্থীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার জন্য অনুশীলন ও প্রস্তুতি গ্রহণের পরামর্শ দেয়া হলো।

একজন প্রতিযোগী রিলে ও যেমন খুশি সাজ ব্যতীত সর্বোচ্চ ০৩ (তিন)টি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

প্রতিযোগিতার বিষয়সমূহ (ছাত্র)

১০০ মিটার, ২০০ মিটার, ৪০০ মিটার, ৮০০ মিটার, ১৫০০ মিটার, ৪×১০০ মিটার রিলে ও ৫০ মিটার বস্তা দৌড়।
বর্শা, চাক্তি ও গোলক নিক্ষেপ, উচ্চ লাফ ও দীর্ঘলাফ এবং লাফ-ধাপ-ঝাঁপ (Triple Jump)।

প্রতিযোগিতার বিষয়সমূহ (ছাত্রী)

১০০ মিটার, ২০০ মিটার, ৪×১০০ মিটার রিলে ও ৫০ মিটার ভারসাম্য দৌড়। বর্শা, চাক্তি ও গোলক নিক্ষেপ এবং উচ্চ লাফ ও দীর্ঘ লাফ।

যেমন খুশি সাজ (ছাত্র/ছাত্রী)

শিক্ষা প্রতিষ্ঠানের ভাবমূর্তির সঙ্গে সঙ্গতিপূর্ণ সাজ নির্বাচন করতে হবে। পাগল, রাজনীতিবিদ, ডাকাত ও ধর্মীয় বা সামাজিক অনুভূতিতে আঘাত হানে এমন সাজ পরিহার করতে হবে।

উল্লেখ্য যে, প্রতিযোগিতার বাছাই ও চূড়ান্ত পর্বের স্থান এবং সময় পরবর্তিতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।


০৭.০২.১৭

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ঢাকা কমার্স কলেজ


০৭/০২/১৭

আহ্বায়ক
ক্রীড়া কমিটি-২০১৯